



# সবার জন্য ভাল টরন্টোর জন্য 22 অক্টোবর ভোট দিন

অত্যধিক বাড়ী ভাড়া দেওয়ার জন্য ক্লান্ত? বাস ভাড়া বাঁচানোর জন্য হেঁটে যাচ্ছেন? ভালো চাকুরী খোঁজায় সমস্যা হচ্ছে? ব্যয়-বহুল শিশু দিবা-যত্ন কেন্দ্রের ফিসমূহ প্রদান করে করে হতাশ? আপনি একা নন।

টরন্টোতে জীবন-যাত্রা প্রতি দিন ব্যয়-বহুল হয়ে পড়ছে এবং বহু মানুষই অনেক পিছনে পড়ে থাকছে। টরন্টোতে 4 জন শিশুর মধ্যে 1 জন এবং 5 জন প্রাপ্তবয়স্ক ব্যক্তির মধ্যে 1 জন দারিদ্রতায় বাস করেন।

## সমস্যাটি কী?

### বাসস্থান

আমাদের শহরের প্রায় অর্ধেক পরিবারই ভাড়াটে।

**47%**

পরিবার তাদের আয়ের

**30%**

এরও বেশী আশ্রয়স্থলের  
জন্য ব্যয় করেন



### পরিবহন



বাড়ী ভাড়া এবং কর পরিশোধ করার পর ন্যূনতম মজুরি সম্পন্ন পরিবারসমূহ তাদের অবশিষ্ট আয়ের

**35%** টিটিসি-র ভাড়ার জন্য ব্যয় করে থাকেন।

সিটি অব টরন্টো 2019 সালের মধ্যে স্বল্পমূল্যের 10,000 বাসস্থান ইউনিট নির্মাণ করার জন্য অঙ্গীকার করেছিল। তবে তারমধ্যে অর্ধেকের চেয়ে কমই নির্মাণ করা হবে - এবং অধিকাংশই নিম্ন-আয় সম্পন্ন বাসিন্দাদের জন্য প্রকৃতপক্ষে স্বল্পমূল্যের হবে না।

ভাড়া বেড়েই চলছে তবে পরিষেবাসমূহে যথেষ্ট পরিমাণে সর্বসাধারণের অর্থ বিনিয়োগ করা হচ্ছে না। 2009 এবং 2018 সালের মধ্যে মাসিক মেট্রোপাশের মূল্য \$37.25 থেকে বেড়ে \$146.25 হয়েছে।

### চাকুরীসমূহ

অনেক মানুষই স্বল্পমেয়াদী, অস্থায়ী চাকুরী, নিম্ন-মজুরি এবং কোনো সুবিধা ছাড়াই সংগ্রাম করে। নারী, যুব এবং বর্ণ-বৈষম্যমূলক গোষ্ঠীসমূহের সদস্যগণ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত।

### শিশু দিবা-যত্ন কেন্দ্র

টরন্টোর একটি লাইসেন্সপ্রাপ্ত শিশু দিবা-যত্ন কেন্দ্রে একটি শিশুকে রাখার জন্য প্রতিবছর \$20,000 এর চেয়ে বেশী খরচ লাগে।

**75%**

পরিবারসমূহ শিশু দিবা-যত্ন কেন্দ্রের ব্যয়ভার বহন করতে পারেন না।

13 বছরের কম বয়সী 5 জন শিশুর মধ্যে কেবলমাত্র 1 জন লাইসেন্সপ্রাপ্ত শিশু দিবা-যত্ন কেন্দ্রে যেতে পারে। টরন্টোর প্রায় সকল শিশু দিবা-যত্ন কেন্দ্রেই অপেক্ষমাণ তালিকা রয়েছে।



টরন্টোর

**>50%**

কর্মীর সুবিধাসমূহ সহ স্থায়ী  
পূর্ণ-কালীন চাকুরী রয়েছে।





# সবার জন্য ভাল টরন্টোর জন্য 22 অক্টোবর ভোট দিন

## সিটি কাউন্সিল কিভাবে পার্থক্য সৃষ্টি করতে পারে?

সিটি অব টরন্টো সম্পূর্ণভাবে টিও প্রোস্পারিটি (টরন্টো'স পোভার্টি রিডাকশন স্ট্র্যাটেজি) বাস্তবায়ন দ্বারা এবং নিম্নের বিষয়সমূহ করার মাধ্যমে দারিদ্রতা হ্রাস করতে পারে:

- পরবর্তী চার বছরে নতুন 7,200 সহায়তামূলক আবাসন ইউনিট, সম্পূর্ণভাবে স্বল্পমূল্যে ভাড়া করার জন্য কমপক্ষে 4,000 বাসস্থান এবং আশ্রয়স্থলের জন্য 1,000 নতুন স্থান নির্মাণ করে।
- অতিরিক্ত 157,000 নিম্ন-আয় সম্পন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য টিটিসি ভাড়া হ্রাস করে।
- নিশ্চিত করা যে নতুন আবাসন সংক্রান্ত উন্নয়নসমূহ উন্নয়নকারীদের সাথে কমিউনিটি সুবিধা সংক্রান্ত চুক্তির মাধ্যমে যুবদের সহ স্থানীয় কমিউনিটিসমূহের জন্য ভালো জীবনধারণের উপযোগী মজুরি সম্পন্ন চাকুরী প্রদান করে।
- ভর্তুকিপ্ৰাপ্ত 5,000 স্থান সহ নতুন 11,500 শিশু দিবা-যত্ন কেন্দ্রের জন্য স্থান সৃষ্টি করে।

## আপনার প্রার্থীকে জিজ্ঞাসা করার জন্য প্রশ্নসমূহ

- আপনি কি টরন্টো'স পোভার্টি রিডাকশন স্ট্র্যাটেজি-র সম্পূর্ণ আর্থিক-অনুদান এবং বাস্তবায়ন করাকে সমর্থন করেন?
- টরন্টোতে আরো ভালো চাকুরীসমূহ সৃষ্টি করার জন্য আপনার পরিকল্পনাটি কী?
- আপনি পরিবার এবং ব্যক্তিদের নিশ্চিত এবং নিরাপদ, যথোপযুক্ত ও স্বল্পমূল্যের আবাসন বজায় রাখায় কিভাবে সাহায্য করবেন?
- আপনি কখন এবং কিভাবে সকলের, বিশেষকরে নিম্ন-আয় সম্পন্ন ব্যক্তিদের জন্য টিটিসি-র ভাড়াসমূহ স্বল্পমূল্যে করবেন?
- আপনি সকল পরিবারকে তাদের এলাকায় স্বল্পমূল্যে লাইসেন্সপ্রাপ্ত শিশু দিবা-যত্ন কেন্দ্র প্রাপ্তির ব্যাপারে কিভাবে সাহায্য করবেন?

আরও তথ্যের জন্য

[www.socialplanningtoronto.org](http://www.socialplanningtoronto.org) এ যান

